

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয় কর্মকর্তার কার্যালয়
আগৈলঝাড়া, বরিশাল।

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :


সভাপতি	ঃ মলিনা রাণী রায় মহিলা ডাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
সভার স্থান	ঃ উপজেলা মহিলা ডাইস চেয়ারম্যানের অফিস কক্ষ
সভার তারিখ	ঃ ২৮/১০/২০২১ খ্রিঃ
সময়	ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সভার সদস্যবৃন্দ হাজিরা পরিশিষ্ট 'ক' তে লিপিবদ্ধ আছে।

সভার শুরুতে মহান সৃষ্টিকর্তার স্মরণে সভাপতি মহোদয় সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর তিনি কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয় কর্মকর্তাকে সভার পরবর্তী কার্যক্রম চালিয়ে রেওয়ার জন্য অনুরোধ জানান। সভার সদস্য সচিব পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ করেন এবং উহা সর্বসম্মতি ক্রমে দৃষ্টিকরন করা হয়। সভার সদস্য সচিব জনাব মোসাম্মৎ দৌলাতুন নেছা নাজমা জানান যে, তাদের কার্যালয়ে ২৫/১০/২১-২৬/১০/২১ইং তারিখে ২৫ জন এবং ২৭/১০/২১-২৮/১০/২১ইং তারিখে ২৫ জন মোট ৫০জন মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের বিষয় হলো উন্নত জাতের টার্কি মুরগী পালন। টার্কি মুরগী কিভাবে পালন করে লাভবান হওয়া যায় এবং এর উপকারিতার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত বিষয়ের প্রশিক্ষকের দায়িত্ব পালন করেন ডাঃ আব্দুতোষ রায়, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা আগৈলঝাড়া, ডাঃ মোঃ রবিউল আলম, উপজেলা প্রাণি সম্প্রসারণ কর্মকর্তা আগৈলঝাড়া এবং ডাঃ বিপুল চন্দ্র নাগ, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বানারিপাড়া, বরিশাল। এ বিষয়ে সভার সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত : উপরোল্লিখিত বিষয় যাতে সঠিক ভাবে প্রতিপালন করা হয় উহা তদারকি করার জন্য উপজেলা মহিলা বিষয় কর্মকর্তাকে অনুরোধ জানানোসহ আগামী উপজেলা মাসিক সমন্বয় সভায় উহা উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মলিনা রাণী রায়)

উপজেলা মহিলা ডাইস চেয়ারম্যান

ও

সভাপতি


উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি
আগৈলঝাড়া, বরিশাল।

স্মারক নং উমবিককা/আগৈল/বরি/

তারিখ : ২৮/১০/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
- ০৩। জনাব সদস্য, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি।
- ০৪। অফিস কপি।



(মোসাম্মৎ দৌলাতুন নেছা নাজমা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও


সদস্য সচিব

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি
আগৈলঝাড়া, বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয় কর্মকর্তার কার্যালয়
আগৈলঝাড়া, বরিশাল।

নোটিশ

এতদ্বারা উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ২৮/১০/২০২১ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সময়ে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।



(মলিনা রাণী রায়)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি
আগৈলঝাড়া, বরিশাল।

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।

০২। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।

০৩। জনাব সদস্য, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী
কমিটি।

০৪। অফিস কপি।